



অবি লম্বে প্রকাশে র উদ্দে শ্যে: 10/7/2021

গভর্নর ক্যাথি হোচুল

বন্দুক সহিংসতা প্রতিহত এবং জন নিরাপত্তা বৃদ্ধি করার প্রচেষ্টায় গভর্নর ক্যাথি হোচুল, গভর্নর ফিল মারফি, গভর্নর টম উলফ এবং গভর্নর নেড ল্যামন বন্দুক অপরাধের উপাত্ত শেয়ার করবেন

*মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিংটি পড়ন [এখানে](#)।*

বন্দুক সহিংসতা প্রতিহত এবং জন নিরাপত্তা বৃদ্ধি করার প্রচেষ্টায় নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোচুল, নিউ জার্সির গভর্নর ফিল মারফি, পেনসিলভ্যানিয়ার গভর্নর টম উলফ এবং কাইনেটিকাটের গভর্নর নেড ল্যামন আজকে বন্দুক অপরাধের উপাত্ত শেয়ার করা সংক্রান্ত একটি মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং এ (Memorandum of Understanding) স্বাক্ষর করেছেন। চুক্তিটির ফলে নিউ ইয়র্ক, নিউ জার্সি, পেনসিলভ্যানিয়া এবং কাইনেটিকাটের আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি বন্দুক অপরাধ চিহ্নিত, প্রতিরোধ, ও তদন্ত করা, পাশাপাশি স্ট্র ক্রয়, সন্দেহজনক ডিলার, আগ্নেয়াস্ত্র পাচারকারী ও অন্যান্য অপরাধীদের চিহ্নিত ও গ্রেফতার করার জন্য এই স্টেটগুলির মধ্যে অপরাধের বন্দুক উপাত্ত শেয়ার করতে পারবে।

"বন্দুক সহিংসতা অনেক বেশি জীবন কেড়ে নিয়েছে এবং বন্দুক সহিংসতার জন্য আমাদের শিশু ও সম্প্রদায়ের সাথে যা হচ্ছে তা অগ্রহণযোগ্য," **গভর্নর হোচুল বলেন।** "আমরা যেই জটিল সমস্যার সম্মুখীন হয়েছি তা আমরা একা সমাধান করতে পারবো না, সেই জন্য আমরা আজকে নিউ জার্সি, পেনসিলভ্যানিয়া ও কাইনেটিকাটের সাথে অংশীদারিত্ব করার মাধ্যমে আমাদের স্টেটগুলির মধ্যে অপরাধের বন্দুক উপাত্ত শেয়ার করে বন্দুক সহিংসতা প্রতিরোধে একটি জরুরি পদক্ষেপ গ্রহণ করছি। অংশীদারিত্বটি আমাদের স্টেটসমূহ ও সম্প্রদায়সমূহকে আরো নিরাপদ রাখতে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের তাদের প্রয়োজনীয় রিসোর্স প্রদান করবে।"

"আগ্নেয়াস্ত্র পাচারকারীরা প্রায়ই আন্তঃস্টেটে অপরাধমূলক কার্যকলাপে লিপ্ত হয়, এবং আমাদের সম্প্রদায়গুলিতে বন্দুক সহিংসতা প্রতিরোধ করতে আমাদের অবশ্যই এক অঞ্চল হিসেবে সমবেতভাবে কাজ করতে হবে," **গভর্নর মারফি বলেন।** "নিউ ইয়র্ক, পেনসিলভ্যানিয়া ও কাইনেটিকাটের সাথে অতি গুরুত্বপূর্ণ বন্দুক অপরাধের তথ্য শেয়ার করার মাধ্যমে, আমরা আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলিকে বন্দুক সহিংসতা বিশ্লেষণ, খোঁজা ও প্রতিহত করার জন্য প্রয়োজনীয় রিসোর্স ও তথ্য দিচ্ছি। আমাদের বহু-স্টেট ব্যবস্থা আমাদের সম্প্রদায়গুলিতে বন্দুক সহিংসতা বন্ধ করা এবং আমাদের অঞ্চলে জননিরাপত্তা বৃদ্ধির সাধারণ উদ্দেশ্যকে পুনরায় নিশ্চিত করে।"

"আমরা যদি বন্দুক সহিংসতার কলঙ্ক হ্রাস করতে চাই, তাহলে অবৈধ ও অপরাধ কাজে ব্যবহৃত বন্দুকের চালান বন্ধে আমাদেরকে অবশ্যই আমাদের সম্প্রদায়ের অংশীদার এবং পাশাপাশি আমাদের প্রতিবেশী স্টেটগুলির সাথে কাজ করতে হবে," **গভর্নর উলফ বলেন।** "জনগণের নিরাপত্তায় আমাদের স্টেটগুলির এই সমবায় একটি জরুরি রিসোর্স হিসেবে কাজ করবে এবং আমি নিউ জার্সি, নিউ ইয়র্ক, এবং কাইনেটিকাটের সাথে আমাদের সম্প্রদায়গুলিকে আরো নিরাপদ রাখতে আমাদের সাধারণ উদ্দেশ্য সাধনে একত্রে কাজ করতে পেরে গর্বিত।"

"আমাদের স্টেটগুলির আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি একসাথে কাজ করে সমবেতভাবে জরুরি বন্দুক অপরাধের উপাত্ত শেয়ার করতে এবং বন্দুক সহিংসতার হুমকি ও অপরাধমূলক কার্যকলাপ সরাসরি প্রতিহত করতে পারবে," **গভর্নর ল্যামন বলেন।** "আঞ্চলিক এই অংশীদারিত্বের ফলে আমাদের প্রত্যেক স্টেটের আইন শৃঙ্খলা রক্ষাকারীরা বন্দুক অপরাধ চিহ্নিত, প্রতিরোধ, ও তদন্ত করা, এবং স্ট্র ক্রয়, সন্দেহজনক ডিলার, আগ্নেয়াস্ত্র পাচারকারী ও অন্যান্য অপরাধীদের গ্রেফতার করার জন্য উপাত্ত শেয়ার করতে পারবে। অপরাধ সংক্রান্ত ব্যাপারে আগ্নেয়াস্ত্র প্রায়ই স্টেট সীমার বাইরে নিয়ে যাওয়া হয়, এবং আমাদের সম্প্রদায়সমূহের নিরাপত্তা জোরদার করতে এধরণের আঞ্চলিক অংশীদারিত্বের প্রতি কাইনেটিকাট প্রতিশ্রুতিবদ্ধ।"

মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং সম্পূর্ণ পড়ার জন্য অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)